**ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়**
মাদরাসা পরিদর্শন দপ্তর
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং-ইআবি/পরি/ফাজিল-অধিভুক্তি/২০২১/১৫৫৮৭

তারিখ: ১৩ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ
২৭ জানুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

সিরাজ নগর উম্মুলকুরা ফাজিল মাদরাসা, ডাকঘর: রাধাগঞ্জ বাজার, উপজেলা: রায়পুরা, জেলা: নরসিংদী (মাদরাসা কোড: ১১৪৬৭, EIIN: ১১২৮১১)-এর ফাজিল স্নাতক (পাস) বিএ শ্রেণি অধিভুক্তির বিষয়ে অধ্যক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন ২০১৩ এর প্রথম সংবিধির ধারা ৪.(৪) ক অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদন, ১৭.১১.২০২৫ তারিখ অনুষ্ঠিত অধিভুক্তি কমিটির ১৪শ সভার সিদ্ধান্ত ও সুপারিশ, ১৯.০১.২০২৬ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ২২তম সভার সিদ্ধান্ত-০৪ এবং ২০.০১.২০২৬ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৪০তম সভার অনুমোদনক্রমে উক্ত মাদরাসাকে ফাজিল স্নাতক (পাস) বি.এ স্তরে ১২.১১.২০২১ থেকে ১৬.১১.২০২৫ তারিখ পর্যন্ত ভূতাপেক্ষভাবে প্রাথমিক পাঠদানের মেয়াদ বৃদ্ধি এবং ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরে নিম্নবর্ণিত শর্তে ১৭.১১.২০২৫ থেকে ১৬.১১.২০২৯ তারিখ পর্যন্ত আগামী ০৪ (চার) বছরের জন্য ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত করা হলোঃ

শর্তসমূহ:

১. ক্লাশে ফাজিল শ্রেণির শিক্ষার্থীদের কিতাব/ বইসহ উপস্থিতি নিশ্চিত করতে হবে;
২. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ফাজিল সিলেবাসে উল্লেখিত রেফারেন্স গ্রন্থসমূহের মূলকপি/ পিডিএফ থেকে প্রিন্টেড কপি মাদরাসার লাইব্রেরিতে সংরক্ষণ করতে হবে;
৩. লাইব্রেরি বুক কোডিং সিস্টেম (Library Book Coding System) অনুসরণ করে লাইব্রেরির বইগুলো সুশৃঙ্খলভাবে সংরক্ষণ, অনুসন্ধান ও পরিসংখ্যানের ব্যবস্থা করতে হবে;
৪. মাদরাসার লাইব্রেরিতে শিক্ষক ও শিক্ষার্থীদের পড়ালেখার জন্য সময় নির্ধারণ করতে হবে এবং বই ইস্যু রেজিস্টারের যাবতীয় তথ্য হালনাগাদ করতে হবে;
৫. মাদরাসার শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীগণের দৈনিক হাজিরা বহিতে আগমন-প্রস্থান নিশ্চিত করতে হবে;
৬. মাদরাসার শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীগণের নিয়মিত বায়োমেট্রিক হাজিরা নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৭. মাদরাসার সার্বিক নিরাপত্তার জন্য সি সি ক্যামেরার ব্যবস্থা করতে হবে;
৮. মাদরাসায় হোস্টেল চালু করতে হবে এবং হোস্টেলে পড়ালেখার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে হবে;
৯. মাল্টিমিডিয়া প্রজেক্টরসহ কমপিউটার ল্যাব চালু করতে হবে;
১০. আরবি-বাংলা-ইংরেজি তিন ভাষায় মাদরাসার কক্ষসমূহের জন্য নেমপ্লেট তৈরি করতে হবে;
১১. শ্রেণিকক্ষে মূল আরবি কিতাবের মাধ্যমে পাঠদান নিশ্চিত করতে হবে;
১২. সার্বিক বিষয়ে তদারকির জন্য মাদরাসায় অধ্যক্ষের আবাসনের ব্যবস্থা করতে হবে;
১৩. সকল ক্রয়ে ক্রয়-কমিটি, অডিট কমিটি ও এডহক কমিটি/গভর্নিং বডির অনুমোদন থাকতে হবে;
১৪. শিক্ষার্থীদের মেধা বিকাশের জন্য নিম্নোক্ত ক্লাবসমূহ গঠন করতে হবে:
ক. Debate & Public Speaking Club খ. Language & Literacy Club (Arabic, English, Bangla]
গ. Creative writing/Poetry Club ঘ. Art & Photography Club;
১৫. অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তি নবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে
27/01/2026
(মোঃ গিয়াস উদ্দীন)
মাদরাসা পরিদর্শক

অধ্যক্ষ
সিরাজ নগর উম্মুলকুরা ফাজিল মাদরাসা
ডাকঘর: রাধাগঞ্জ বাজার, উপজেলা: রায়পুরা, জেলা: নরসিংদী।

স্মারক নং-ইআবি/পরি/ফাজিল-অধিভুক্তি/২০২১/১৫৫৮৭

তারিখ: ১৩ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ
২৭ জানুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:**

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০;
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১;
৩. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা;
৪. প্রোগ্রামার, আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য);
৫. সভাপতি, সিরাজ নগর উম্মুলকুরা ফাজিল মাদরাসা, ডাকঘর: রাধাগঞ্জ বাজার, উপজেলা: রায়পুরা, জেলা: নরসিংদী
৬. অফিস নথি।

২৭/০১/২৬
(মোঃ জাহান উদ্দিন)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইলঃ ০১৭২৪ ৮০৮৫২৪